

2

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd



নং-৪৬.০৪২.০১৪.১৮.০২.০৮২.২০১১(১). ২৭৩০

তারিখঃ ২৬ অগ্রহায়ণ ১৪২৩
২৩ নভেম্বর ২০১৬

বিষয়ঃ মহামান্য সুপ্রিম কোর্টের আপিল বিভাগের রায়ের আলোকে কুমিরা-গুণ্ডুছড়া নৌ-রুটে বিআইডব্লিউটিসির নিয়োগ প্রাপ্ত চার্টারের মাধ্যমে যাত্রী ও মালামাল পরিবহনের সহায়তার আবেদন।

উপর্যুক্ত বিষয়ে জনাব মাসুদ সেরনিয়াবাত, মেসার্স হক ট্রেডার্স, চার্টারার, বিআইডব্লিউটিসি, কুমিরা-গুণ্ডুছড়া সী-ট্রাক সার্ভিস স্থানীয় সরকার বিভাগে আবেদন দাখিল করেন। আবেদনে উল্লেখ করা হয় যে, কুমিরা-গুণ্ডুছড়া নৌ-রুটে ফেরী ঘাট চট্টগ্রাম জেলা পরিষদের অধীনে। ফেরী ঘাটের পরিচালনা ও ব্যবস্থাপনা চট্টগ্রাম জেলা পরিষদের এখতিয়ার। অন্যদিকে জনপদ অর্থ্যাৎ নৌ-রুটে যাত্রী ও মালামাল পরিবহনের দায়িত্ব বিআইডব্লিউটিসির উপর। এ ক্ষেত্রে বিআইডব্লিউটিসি স্বীয় নৌযানের মাধ্যমে (সী-ট্রাক) চট্টগ্রাম জেলা পরিষদকে টোল প্রদান করতঃ যাত্রী ও মালামাল পরিবহন করবে। কিন্তু চট্টগ্রাম জেলা পরিষদের নামে একটি চক্র দীর্ঘদিন যাবৎ অবৈধভাবে অবৈধ যান দ্বারা ঝুঁকিপূর্ণভাবে উক্ত রুটে যাত্রী ও মালামাল পরিবহন করে আসছে। এতে বিআইডব্লিউটিসির নিয়োগ প্রাপ্ত চার্টারার ক্ষতি গ্রস্ত হচ্ছে।

২। এমতাবস্থায়, জনাব মাসুদ সেরনিয়াবাত, মেসার্স হক ট্রেডার্স, চার্টারার, বিআইডব্লিউটিসি, কুমিরা-গুণ্ডুছড়া সী-ট্রাক সার্ভিস, এর আবেদনপত্রে উল্লিখিত বিষয়টি সরেজমিনে পরিদর্শন করে মতামতাসহ প্রতিবেদন দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


(জুবাইদা নাসরীন)

উপসচিব

ফোনঃ ৯৫৭৫৫৬৮

Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, চট্টগ্রাম।

অনুলিপি :

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। প্রশাসক, জেলা পরিষদ, চট্টগ্রাম।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৫। জনাব মাসুদ সেরনিয়াবাত, মেসার্স হক ট্রেডার্স, চার্টারার, বিআইডব্লিউটিসি, কুমিরা-গুণ্ডুছড়া সী-ট্রাক সার্ভিস, থানাঃ সন্দীপ, জেলাঃ চট্টগ্রাম।